দৈনিক
ইত্তেফাক

07 JUN 2016
পৃঃ ৭ কলাম ২

# শিক্ষক সংকট সত্ত্বেও দোডাঙ্গী হাইস্কুলে শতভাগ পাস

■ মান্দা (নওগাঁ) সংবাদদাতা

উপজেলায় শিক্ষক সংকট থাকা সত্ত্বেও কালীগ্রাম দোডাঙ্গী উচ্চ বিদ্যালয়ে এবারের এসএসসি পরীক্ষায় শতভাগ পাসে গৌরব অর্জন করেছে। কালীগ্রাম দোডাঙ্গী উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক আনিছার রহমান জানান, বিদ্যালয়টি প্রতিবছরের ন্যায় এবারও উপজেলায় সুনাম অর্জন করেছে। ২০১৫ সালের জেএসসিতে শতভাগ উত্তীর্ণসহ গোল্ডেন এ প্লাস ও জিপিএ-৫ পেয়েছিল মোট ৭২ জন। ২০১৬ সালের এসএসসিতে শতভাগ পাস ও গোল্ডেন এ প্লাসসহ জিপিএ-৫ পেয়েছেন ৫২ জন। তিনি আরো জানান, এই বিদ্যালয়ে ৯০০ শিক্ষার্থীর [illegible]ছেন মোট ১৮ জন শিক্ষক ও [illegible] এছাড়াও শ্রেণিকক্ষের তীব্র [illegible]ছে।